

APR. 06 2002

APR. 06 2002

তারিখ
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১ ...

বাকবিত্তে রাষ্ট্রপতির অনুষ্ঠান স্থগিত

বাকবি সংবাদদাতা ৥ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে শনিবার অনুষ্ঠিতব্য বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় রিসার্চ সিস্টেম (বাউরেস)-এর বার্ষিক কর্মশালা অনিবার্য কারণবশত স্থগিত করা হয়েছে। বার্ষিক এই কর্মশালায় রাষ্ট্রপতি অধ্যাপক একিউএম বদরুদ্দোজা চৌধুরীর প্রধান অতিথি ও শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুককে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকার কথা ছিল। ইতোপূর্বে অনুষ্ঠানটি বিগত ২৭ জানুয়ারি অনুষ্ঠিত হবার কথা ছিল। কিন্তু ১৪ জানুয়ারি টিভি সংবাদে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়-এর নাম থেকে বাংলাদেশ নাম প্রত্যাহারের নীতিগত সিদ্ধান্তের কথা প্রচারিত হলে ছাত্র-শিক্ষকের তুমুল প্রতিবাদের কারণে ক্যাম্পাস পরিস্থিতি অস্থিতিশীল হয়ে ওঠে। এ সময় অনুষ্ঠানটি স্থগিত ঘোষণা করা হয়। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, রাষ্ট্রপতির উপস্থিতি সাপেক্ষে ২৭ এপ্রিল কর্মশালাটি অনুষ্ঠিত হবে।